

একসঙ্গে এইচএসসি পরীক্ষা দিয়ে মা পাস, মেয়ে ফেল

অনলাইন ডেক্স

প্রকাশিত: ২০:৪২, ৮ ফেব্রুয়ারি ২০২৩



পরীক্ষার হলে মা ও মেয়ে

নীলফামারীর ডিমলায় এবার একসঙ্গে এইচএসসি পরীক্ষা দিয়েছিলেন মা ও মে। কিন্তু আজ বুধবার প্রকাশিত ফলাফলে মা মারুফা আক্তার ৪ দশমিক ৩৮ পেয়ে পাস করলেও ফেল করেছেন তার মেয়ে শাহী সিদ্দিকা।

নীলফামারীর ডিমলায় শেখ ফজিলাতুন নেছা মুজিব সরকারি মহাবিদ্যালয় থেকে কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে মেয়ে বিজ্ঞান বিভাগ থেকে এবং মা একই কলেজের বিএম শাখা থেকে পরীক্ষায় বসেন।

পাস করে মা মারুফা আক্তার বলেন, ‘চার সন্তানকে মানুষ করতে গিয়ে নিজের পড়ালেখার সুযোগ হয়নি। পরে স্বামীর উৎসাহে বড় মেয়ের সঙ্গে নবম শ্রেণিতে ভর্তি হয়ে ফের পড়ালেখা শুরু করি। এইচএসসি পাস করে কষ্ট সার্থক হয়েছে। ইচ্ছা আছে এখন দেশের ভালো কোনো বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার। তবে মেয়ে শাহী উত্তীর্ণ না হওয়ায় মন খারাপ।’

মারুফা আক্তার ২০০৩ সালের এসএসসি পরীক্ষার্থী ছিলেন। কিন্তু পরীক্ষার আগেই পরিবার তাকে বিয়ে দিয়ে দেয়। এরপর কেটে গেছে ১৫ বছর। একে একে জন্ম হয় দুই ছেলে ও দুই মেয়ের। পরে ২০২০ সালে মেয়ের সঙ্গে এসএসসি পাস করেছিলেন। তার স্বামী সাইদুল ইসলাম পেশায় মৎস্য ব্যবসায়ী।

মারুফার চার ছেলে-মেয়ের মধ্যে শাহী সিদ্দিকা বড়। দ্বিতীয় ছেলে দশম শ্রেণি, তৃতীয় ছেলে অষ্টম শ্রেণি ও ছোট মেয়ে পঞ্চম শ্রেণিতে পড়ালেখা করছে।